অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL রেকর্ড সময়মত ট্রেন আসার পারফর্ম্যান্সের জন্য 2024-কে METRO-NORTH RAILROAD-এর এখন পর্যন্ত সবথেকে সফল বছর ঘোষণা করলেন

সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্সের রেকর্ড 98 শতাংশ ছাড়িয়েছে, এবং এটি টানা পঞ্চম বছরের মতো 97 শতাংশের বেশি আছে

2023 সালের তুলনায় বিলম্ব 35 শতাংশ কমেছে, যদিও Park Avenue Viaduct-এর নতুন করে নির্মাণকাজ চলেছে

Metro-North বলেছে যে রেকর্ড ভাঙ্গা এই বছরের জন্য পুরো এজেন্সির নিরাপত্তা, দক্ষতা, নির্ভরযোগ্যতা এবং ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ ক্যাটালিস্ট হিসেবে কাজ করেছে

গভর্নর Hochul 2026 সালের এক্সিকিউটিভ বাজেটের অংশ হিসেবে Hudson Valley-র রেল সার্ভিসের জন্য মুখ্য 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রস্তাব করেছেন; যাতায়াতের সময় দ্রুত করা এবং সার্ভিসের নির্ভরযোগ্যতা বাড়ানোতে মনোযোগ থাকবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 1983 সালে Metro-North স্থাপিত হওয়ার পর থেকে 2024 ছিলো মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) Metro-North Railroad-এর জন্য সবথেকে সফল বছর। রেলরোডের সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স 2024 সালের সর্বকালের সেরা ছিলো, এটি 98 শতাংশের বেশি ছিলো এবং উল্লেখযোগ্য হলো এই নিয়ে টানা পঞ্চম বছরের মতো সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স 97 শতাংশের বেশি হলো। হাডসন রিভারের (Hudson River) পূর্বদিকে এর তিনটি লাইনের সবগুলিতে Metro-North তাদের 98 শতাংশের বেশি ট্রেন সময়মতো চালিয়েছে, Hudson Line-এর সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স ছিলো 98.7 শতাংশ; Harlem Line-এর জন্য তা ছিলো 98.3 শতাংশ এবং New Haven Line-এর জন্য 98.2 শতাংশ। সার্ভিস উন্নত করা এবং রাইডারদের জন্য সেবা দেওয়ার ব্যাপারে গভর্নর Hochul (হোকল) অঙ্গীকারবদ্ধ, সেজন্য তিনি হাডসন ভ্যালির (Hudson Valley) রেল সার্ভিসে মুখ্য বিনিয়োগের প্রস্তাব করেছেন এবং ফিসক্যাল ইয়ার 2026-এ MTA-কে 8 বিলিয়ন মার্কিন ডলার স্টেটের পরিচালনা সাহায্য দেওয়ার আউটলাইন দিয়েছেন।

"একটি সচল শহরের জন্য গণপরিবহন একটি অতি গুরুত্বপূর্ণ অংশ, এবং প্রতি দিনই রাইডারদের জন্য নির্ভরযোগ্য সার্ভিস দিলে কীভাবে তা রেকর্ড পারফর্ম্যান্স করতে পারে তার একটি উদাহরণ হলো Metro-North, আমাদের ঠিক এটিই প্রয়োজন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "রাইডারদের জন্য আমাদের ট্রানজিট সিস্টেমকে অগ্রসর করতে আমি অঙ্গীকারবদ্ধ, যাতে করে আমরা অসাধারণ সার্ভিস দিতে পারি এবং নিউ ইয়র্ককে (New York) সচল রাখতে পারি।"

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "Metro-North-এর 2024 সালের পারফর্ম্যান্স নতুন MTA-এর জন্য স্ট্যান্ডার্ড স্থির করে দেয় - আগের যেকোনো সময়ের থেকে বেশি দ্রুত, আরো নিরাপদ এবং আরো নির্ভরযোগ্য সার্ভিস। স্ট্যান্ডার্ড বাড়িয়ে দেওয়ার জন্য এবং একই সাথে আগামী অনেক দশক ধরে সিস্টেমকে রক্ষা করবে এমন অতি গুরুত্বপূর্ণ প্রোজেক্ট করতে থাকার জন্য পুরো দলের প্রশংসা করছি।"

Metro-North Railroad-এর প্রেসিডেন্ট Catherine Rinaldi (ক্যাথেরিন রিনাল্ডি) বলেন, "সপ্তাহের প্রতিদিন ট্রেন সচল রাখতে Metro-North-এর সকলে যে দারুণ কাজ করছে তার জন্য আমি অনেক গর্বিত। অঞ্চলের মধ্যে যাতায়াত করার জন্য সেরা, সবথেকে নিরাপদ এবং সবথেকে সবুজ উপায় হলো গণপরিবহন এবং যখন মানুষ জানবে যে নিজেদের গন্তব্যে যাওয়ার জন্য তারা একটি পরিষ্কার, আরামদায়ক ট্রেনে উঠতে পারবে তখন তারা বারবার ফিরে আসবে।"

Hudson Valley-র রেল সার্ভিসে বিনিয়োগ করা
তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) হাডসন ভ্যালির রেল সার্ভিসের জন্য বিনিয়োগের প্রস্তাব করেছেন যা ধারণক্ষমতা বাড়াবে, বিলম্ব কমাবে, নিরাপত্তা উন্নত করবে এবং নির্দিষ্ট কিছু ট্রিপের জন্য যাতায়াতের সম্ভাব্য সময় প্রতি দিকে 15 মিনিট পর্যন্ত কমিয়ে দিবে। এই প্রস্তাবনাটি এছাড়াও "সুপার-এক্সপ্রেস" Metro-North Hudson Line-এর ট্রিপগুলির সময় 90 মিনিটের কমে কমিয়ে আনবে। এছাড়াও গভর্নর Hochul (হোকল) 2026 সালের এক্সিকিউটিভ বাজেটে 25 মিলিয়ন মার্কিন ডলারের আউটলাইন দিয়েছেন, প্রস্তাবনার মধ্যে আছে নিউ ইয়র্ক সিটি (New York City) এবং পকিপ্সির (Poughkeepsie) মধ্যে রেল ইনফ্রাস্ট্রাকচার ক্যাপিটাল উন্নয়নের একটি সেটের জন্য পরিকল্পনা, যাচাই ও নকশা, এর মধ্যে থাকবে স্পুইটেন ডুইভিলের (Spuyten Duyvil) একটি দ্বিতীয় ট্র্যাক, ইন্টারলকিং, সিগন্যাল ও ক্রোটন হারমোনের (Croton Harmon) ট্র্যাকের কাজ, এবং পকিপ্সি ইয়ার্ডের (Poughkeepsie Yard) ধারণক্ষমতার উন্নয়ন।

এই ঘোষণাটি গভর্নর Hochul-এর (হোকল) টার্মের সময় যে মুখ্য আঞ্চলিক রেল বিনিয়োগ করা হয়েছে সেগুলিকে অগ্রসর করবে, যেমন Long Island Railroad (LIRR) থার্ড ট্র্যাক এবং Grand Central Madison-এর ঐতিহাসিক উদ্বোধন যা LIRR-এর জন্য নতুন যাতায়াতের সুযোগ নিয়ে এসেছে, নিউ ইয়র্কের আঞ্চলিক সংযোগ উন্নত করেছে, এবং সেবাকে 40 শতাংশ বাড়িয়ে দিয়েছে।

রাইডারশিপ রেকর্ড
এছাড়াও Metro-North-এর রাইডারশিপ কোভিডের পরে এর শক্তভাবে ফেরত আসা চালিয়ে যাচ্ছে যা 2023 (60,141,495) থেকে 2024 (67,389,907) সালে 12.1 শতাংশ বেড়েছে।

6,548,501 জন যাত্রী নিয়ে মহামারীর পরের যুগে সবথেকে সফল রাইডারশিপের মাস ছিলো অক্টোবর, এটি 2023 সালের অক্টোবরের (5,637,482) তুলনায় 16.2 শতাংশ বেশি।

2024 সালের শীর্ষ 5 উইকডে রাইডারশিপ - ইস্ট অফ হাডসন

মঙ্গলবার	10/29/2024	249,585	মহামারীর পর থেকে সর্বোচ্চ রাইডারশিপ
মঙ্গলবার	10/15/2024	249, 266	দ্বিতীয় সর্বোচ্চ উইকডে
বুধবার	10/30/2024	246,035	তৃতীয় সর্বোচ্চ উইকডে
বুধবার	11/27/2024	243,529	চতুর্থ সর্বোচ্চ উইকডে
মঙ্গলবার	6/18/2024	242,116	পঞ্চম সর্বোচ্চ উইকডে

2024 সালের সর্বোচ্চ শনিবার এবং রবিবারের রাইডারশিপ

শনিবার	12/14/2024	159,083
রবিবার	11/3/2024	123,028

সার্ভিস প্রোজেক্ট এবং এক্সপ্যানশন

2024 সালের সার্ভিস পারফর্ম্যান্সে রেকর্ড নাম্বার অর্জন করা হয়েছে যদিও MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্ট (MTA Construction and Development) Park Avenue Viaduct-এর একাধিক অংশে প্রতিস্থাপনের কাজ করেছে - এটি হলো 97th Street এবং হার্লেম রিভারের মধ্যে চারটি Metro-North Railroad ট্র্যাক বহন করা একটি দুই মাইল লম্বা স্টিলের স্ট্রাকচার, এবং এটি Grand Central Terminal (GCT) থেকে আসা যাওয়া করা সকল Metro-North ট্রেনকে সেবাদান করে, অর্থাৎ প্রতিটি উইকডেতে মোট 750টি ট্রেন।

Metro-North Penn Station Access প্রোজেক্টটি ধারাবাহিক অগ্রগতি নিয়ে অগ্রসর হচ্ছে। প্রোজেক্টের চারটি ব্রিজের সাইটে ভাঙ্গা এবং নির্মাণের কাজ চলছে, যার মধ্যে আছে পার্কচেস্টারের (Parkchester) Bronxdale Avenue Bridge-এ দুইটি নতুন স্প্যান বসানো। হান্টস পয়েন্টের (Hunts Point) কাছের সুইচে ক্রুয়েরা সিগন্যাল পরীক্ষা করছে, এবং তারা প্রোজেক্টের চারটি নতুন স্টেশনের প্রতিটিতে স্টেশনে প্রবেশের ভিত্তি স্থাপন করতে অগ্রসর হচ্ছে: হান্টস পয়েন্ট, পার্কচেস্টার/ভ্যান নেস্ট (Van Nest), মরিস পার্ক (Morris Park) এবং কো-অপ সিটি (Co-op City)।

কাজ শেষ হলে Metro-North-এর কাস্টোমাররা Penn Station, ওয়েস্টচেস্টার (Westchester) এবং কাইনেটিকাটের (Connecticut) মধ্যে একটি ট্রান্সফার-ফ্রি ট্রিপ এবং ব্রঙ্কসে (Bronx) চারটি নতুন সম্পূর্ণ অ্যাক্সেসিবল স্টেশন, এবং ব্রঙ্কস ও ম্যানহাটনের (Manhattan) মধ্যে যাত্রার সময় উল্লেখযোগ্যভাবে কমে যাওয়া উপভোগ করবে।

এছাড়াও 2024 সালে MTA Harlem Line-এর তিনটি স্টেশনকে সকলের জন্য Americans with Disabilities Act অনুযায়ী সম্পূর্ণ অ্যাক্সেসিবল করেছে, সেগুলি হলো: স্কার্সডেল (Scarsdale), হার্টসডেল (Hartsdale) এবং পার্ডিস (Purdy's)। এই সাফল্যের উপর ভিত্তি করে MTA এখন ব্রঙ্কসে অবস্থিত তিনটি Metro-North স্টেশনে অ্যাক্সেসিবিলিটি উন্নয়ন করতে যাচ্ছে।

উইলিয়ামস ব্রিজ (Williams Bridge) এবং উডলনে (Woodlawn) সম্পূর্ণ নতুন স্টেশন প্ল্যাটফর্ম, সুযোগসুবিধা, এবং দুইটি নতুন এলিভেটর ইনস্টল করা হবে। Botanical Garden স্টেশনটির পুনর্বাসন করা হবে, এবং স্টেশনের এলিভেটরগুলির উন্নয়ন করা হবে।

দৃঢ়তা

Metro-North-এর সার্ভিসের নির্ভরযোগ্যতার সবথেকে বড় চ্যালেঞ্জগুলির একটি হলো জলবায়ু পরিবর্তনের ফলে হওয়া ঝড়ের ব্যাপারে এর দুর্বলতা। পুরো সিস্টেমের অনেক জায়গায় রেলরোডটি আবহাওয়ার ক্ষেত্রে দুর্বল এবং 2024 সালে ক্রুয়েরা উদ্বেগের কিছু প্রধান ব্যাপারে সামাল দিয়েছে। গ্যারিসনে (Garrison), যেখানে হাডসন রিভার ধরে ট্র্যাক আছে এবং বন্যাপ্রবণ, সেখানে দলটি ট্র্যাককে এর সবথেকে নিচু পয়েন্ট থেকে 20 ইঞ্চি উঠিয়ে দিয়েছে।

কাজটি শেষ হওয়ার পর থেকে এই এলাকায় বন্যার কারণে কোনো Metro-North ট্রেনের বিলম্ব হয়নি। বন্যার জন্য আরেকটি সমস্যার স্থান ছিলো Upper Harlem Line। ক্রুয়েরা একটি সিগন্যাল হাউজকে চার ফুটের বেশি উঠিয়েছে, অতি প্রয়োজনীয় সার্কিটরিকে উঁচু করে ক্ষতির বাইরে নিয়ে গেছে, শুধু রিসাইকেল করা উপাদান ব্যবহার করেছে যা খরচ এবং পরিবেশের উপর প্রভাব সর্বনিম্ন করেছে। সামনের দিনে সকল সিগন্যাল হাউজকে মাটি থেকে কমপক্ষে চার ফুট তুলে দেওয়া হবে।

New Haven Line-এর গতির উন্নয়ন

New Haven Line-এর ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের কাজ MTA শেষ করেছে, যার ফলে শুধু নিরাপদ এবং নির্ভরযোগ্য সার্ভিস নয়, বরং আরো দ্রুত সার্ভিস তৈরি করা গেছে। ক্রুয়েরা সিগন্যাল সিস্টেমকে আধুনিক ও উন্নত করেছে, এবং একই সাথে ইন্টিগ্রেটেড নেটওয়ার্ক এবং ট্রেন সিমুলেশন টুল রেলরোডকে ট্রেনের রাউটিং সবথেকে সেরা করতে দিয়েছে।
New Haven Line-এর সকল পীক রান টাইম কমপক্ষে এক মিনিট করে কমেছে এবং নিউ হাভেন (New Haven) থেকে GCT পর্যন্ত সবথেকে দ্রুত রানটাইম কমে 90 মিনিট হয়েছে।

ট্রানজিট সময় নিরাপত্তা

Metro-North হলো অঞ্চলে যাতায়াত করার জন্য নিরাপদ ও নির্ভরযোগ্য উপায়, এবং 2024 সালে কাস্টোমার ও কর্মচারী উভয়ের রিপোর্ট করার মতো আহত হওয়ার হার নিচের দিকে ছিলো।

নিচে 2024 ক্যালেন্ডার ইয়ার এবং 2023 ক্যালেন্ডার ইয়ারের তুলনা দেওয়া হয়েছে:

রিপোর্ট করার মতো আহত হওয়ার হার - প্রতি মিলিয়ন কাস্টোমারে: 31.5 শতাংশ কমে 2.00 থেকে 1.37 হয়েছে।
রিপোর্ট করার মতো কর্মচারীদের আহত হওয়ার জন্য হারানো সময়ের হার - প্রতি 200,000 কর্মঘণ্টায়:17 শতাংশ কমে 1.94 থেকে 1.61 হয়েছে।

এমপ্লয়ি সেফটি কালচার সার্ভের (Employee Safety Culture Survey) কারণে এজেন্সি কর্মচারীদের থেকে মতামত পেয়েছে যার ফলে মান্থলি এমপ্লয়ি এনগেজমেন্ট ডে-জ (Monthly Employee Engagement Days) বাস্তবায়ন করা হয়েছে যেখানে ম্যানেজাররা কর্মচারীদের সাথে

কথা বলতে ফিল্ডে যান, যা যোগাযোগের মাধ্যমে আরো বাড়িয়ে দিয়েছে। রেলরোড তাদের লেবার ইউনিয়নগুলির সাথে পার্টনারশিপ জোরদার করে চলেছে এবং ক্লোজ কল রিপোর্টিং সিস্টেমে (Close Call Reporting System, C3RS) অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করছে।

MTA Metro-North Railroad সম্পর্কে
MTA Metro-North Railroad হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি এবং সাউথইস্ট কাইনেটিকাটের 124টি স্টেশনে প্রতি উইকডেতে 700টি ট্রেন দেয়, যা 2024 সালে 98 শতাংশের বেশিবার সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স দিয়েছে এবং 2024 সালের পুরো বছরের রাইডারশিপ 2023 সালের রেকর্ড করা রাইডারশিপের থেকে 12.5 শতাংশ বেশি।

2024 সালের নভেম্বর মাস ছিলো মোট 5.7 মিলিয়ন যাত্রী নিয়ে Metro-North-এর জন্য তাদের রেকর্ডে থাকা সবথেকে সফল মাসগুলির একটি, যা 2023 সালের নভেম্বর মাসের তুলনায় 4.8 শতাংশ বেশি। এছাড়াও 2024 সালের নভেম্বর মাসে Metro-North রেলরোড ইতিহাসের মধ্যে সেরা এখন পর্যন্ত বছরের সেরা সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স রেকর্ড করেছে, যা ছিল সিস্টেম জুড়ে 98.3 শতাংশ এবং 2023 সালের নভেম্বর মাসের জন্য সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স ছিলো 97.9 শতাংশ। 2024 সালের অক্টোবর মাসের জন্য Metro-North-এর সেবা দেওয়ার হার ছিলো 99.9 শতাংশ, যা সার্ভিসের নির্ভরযোগ্যতার একটি পরিমাপ। 2024 সালের নভেম্বর মাসে Metro-North-এর গড় উইকডের রাইডারশিপ 200,087 হলো কোভিডের আগে 2019 সালের নভেম্বর মাসের তুলনায় 81.4 শতাংশ, যা থেকে শক্তিশালীভাবে রাইডারশিপ ফেরত আসার কথা বুঝা যায়; এবং উইকেন্ডের গড় রাইডারশিপ ছিলো 122,6637 [sic], যা কোভিডের আগের লেভেলের তুলনায় 94.2 শতাংশ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন